

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৯৫৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَضَّهُمْ عَلَى الصَّلَاةِ وَنَهَاهُمْ أَنْ يَنْصَرِفُوا قَبْلَ انْصِرَافِهِ مِنَ الصَّلَاةِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

৯৫৪-[১৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের প্রতি তাদের উদ্দীপনা যোগাতেন। আর সালাত (সালাত/নামায/নামাজ) শেষে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাইরে গমনের আগে তাদেরকে বের হতে নিষেধ করেছেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৬২৪। যদিও আবু দাউদ-এর সানাদে মাজহুল বা অপরিচিত রাবী রয়েছে কিন্তু আহমাদ হাদীসটি অন্য সানাদে আরো পূর্ণাঙ্গভাবে বর্ণনা করেছেন। আর তার সানাদটি মুসলিমের শর্তানুপাতে সহীহ। আবু আওয়ানাত তার সহীহ কিতাবে হাদীসটি পূর্ণাঙ্গভাবে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (حَضَّهُمْ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উৎসাহিত করেছেন জামা'আতের সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ে আঁকড়িয়ে ধরার জন্য।

ইমাম ত্বীবী বলেনঃ নিষেধের কারণ হলো তাদের প্রত্যাবর্তনের পূর্বে মহিলারা যেন চলে যায় যারা তাদের পিছনে সালাত আদায় করে। আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্থানেই ততক্ষণ পর্যন্ত অবস্থান করেন যতক্ষণ না মহিলারা প্রত্যাবর্তন করে, অতঃপর তিনি দাঁড়ান এবং পুরুষেরাও দাঁড়ান।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55513>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন